

ফের তাজমহলের দেয়াল ঝুলো যমুনার পানি

- A Monitor Desk Report

Date: 08 September, 2025



ঢাকাঃ ভারতে যমুনা নদীর পানি ব্যাপক বৃদ্ধি পাওয়ায় আগ্রায় অবস্থিত অমর স্থাপত্য এবং বিশ্বের অন্যতম সুন্দর নিদর্শন তাজমহলের দেয়াল পর্যন্ত পৌঁছে গেছে বলে জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম।

সংবাদমাধ্যম বলছে, আগ্রায় যমুনা নদীর পানি বিপৎসীমা অতিক্রম করে তাজমহলের দেয়াল পর্যন্ত পৌঁছেছে। স্থানীয় প্রশাসন জানিয়েছে, ক্রমবর্ধমান পানি নদীর তীরবর্তী কয়েকটি ঘরবাড়িও প্লাবিত করেছে।

স্থানীয় ইতিহাসবিদ রাজ কিশোর রাজে নিশ্চিত করেছেন, যমুনার পানির স্তর ২০২৩ সালের মতোই উঁচু হয়েছে এবং আগের মতোই তাজমহলের দেয়াল পর্যন্ত পৌঁছেছে। তবে তিনি জানান, স্মৃতিস্তম্ভটির নির্মাণ এমনভাবে করা যে, এ ধরনের পানির চাপ এটি সহ্য করতে সক্ষম এবং কোনো ক্ষতি হয়নি।

মুঘল আমলের অমর এই স্থাপত্য যমুনার তীরে দাঁড়িয়ে আছে। এদিকে সম্ভাব্য বন্যা পরিস্থিতি সামলাতে জেলা প্রশাসন প্রস্তুতি নিয়েছে। ইতোমধ্যে একটি কন্ট্রোল রুম চালু করা হয়েছে এবং কর্মকর্তারা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন।

এর আগে ২০২৩ সালে প্রায় ৪৫ বছর পর যমুনা নদীর পানি তাজমহল কমপ্লেক্সের বাইরের দেয়ালের কাছে পৌঁছে গিয়েছিল। সেসময় তাজমহলের পেছনের অংশের বাগান প্লাবিত হয়ে যায়। তারও আগে ১৯৭৮ সালের বন্যায়ও এই পরিস্থিতি তৈরি হয়েছিল।

-B